গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ২৮/০৫/২০২৩

# অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২১ (পুরাতন সিলেবাস)ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২১ সনের অনার্স ২য় বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত ও মনোন্নয়ন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.dua.7c.com) ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে আবেদন ফরম এবং বিভাগ থেকে টাকা জমার রসিদ সংগ্রহ করে স্ব-স্ব বিভাগীয় প্রধান কর্তৃক যাচাই সাপেক্ষে অফিসের ১১২ নং কক্ষে সকাল ১০.০০টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে পরীক্ষার ফি জমা দিয়ে ফরম, রশিদের কপিও প্রয়োজনীয় কাগজপত্র বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ব্যবস্থাপনা | ২,৭৫৫/- |
| ০২ | ইংরেজি ও দর্শন | ২,১৮০/- |
| ০৩ | ইতিহাস | ২,৯৫৫/- |
| ০৪ | অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ইসলামি শিক্ষা ও হিসাববিজ্ঞান | ২,৪৮০/- |
| ০৫ | গণিত | ৩,০১৫/- |
| ০৬ | পদার্থবিজ্ঞান | ২,৬১৫/- |
| ০৭ | রসায়ন | ৩,৩৯০/- |
| ০৮ | উদ্ভিদ বিজ্ঞান | ২,৮৯৫/- |
| ০৯ | প্রাণিবিজ্ঞান | ৩,৭১০/- |
| ১০ | গার্হস্থ্য অর্থনীতি | ৩,১৫০/- |
| ১১ | মনোবিজ্ঞান | ২,৮৭৫/- |
| ১২ | ভূগোল ও পরিবেশ | ৩,৫৫০/- |
| | **মানোন্নয়ন** | |
| ০১ | ১ বিষয় (ব্যবহারিক ছাড়া) | ১,৪৮০/- |
| ০২ | ২ বিষয় (ব্যবহারিক ছাড়া) | ১,৬৮০/- |
| ০৩ | ৩ বিষয় (ব্যবহারিক ছাড়া) | ১,৮৮০/- |
| ০৪ | 8 বিষয় (ব্যবহারিক ছাড়া) | ২,০৮০/- |
| ০৫ | শুধুমাত্র ইংরেজি | ১,৭৮০/- |

**ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ: ২৮/০৫/২০২৩ হতে ০৪/০৬/২০২৩পর্যন্ত।**
**নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

২৮/০৫/২৩
প্রফেসর সাবিকুন নাহার
আই.ডি-৫৪০
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd



**আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী**

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের** স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০১/০৬/২০২৩ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ ও ২০১৮ (বিশেষ) সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ এবং ২০২০ সনের ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৮, ২০১৯ ও ২০২০ সনের ২য় বর্ষ বিশেষ পরীক্ষার প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ফরমপূরণের সুযোগ পাবে, তবে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।

**মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

- ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী ১ম বার অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীর শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় **মানোন্নয়ন** পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় ১ম বার অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহ এবং ২টি কোর্সে ("C" ও "D" গ্রেড প্রাপ্ত) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে রেজিস্ট্রেশন (মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে মানোন্নয়ন কোন সুযোগ থাকবে না।
- ২০২০ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে ১টি কোর্স অনুপস্থিত থাকায় যেসব শিক্ষার্থী C. Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থীকে অনুপস্থিত ১টি কোর্সে ২০২১ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে এবং এসব কোর্সে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নেই।
- **২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ সনের যে সব শিক্ষার্থী ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F ও Absent আছে সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় শুধুমাত্র F ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে।**

**বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ সনের যে সব শিক্ষার্থী ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। **তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২১ সনের অনার্স ২য় বর্ষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

**## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##**

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে:**

০১. ফরম পূরনের টাকা পরিশোধের রশিদের কপি।
০২. ভর্তি ফি পরিশোধের রশিদের কপি।
০৩. ফরম পূরণের অনলাইন কপি।

বি:দ্র: ক) শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।

২৫/০৫/২৩

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

১। উপাধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,ঢাকা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,ঢাকা।
৩। বিভাগীয় প্রধান (সকল), বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,ঢাকা।
৪। সংরক্ষিত নথি।